

ঢাকা ওয়াসা

বিষয়ঃ আসন্ন পবিত্র রমজান মাসে মডস জোন-৮ এর অফিযোগ কেন্দ্রসহ বিভিন্ন বিভাগে দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীদের ১১তম রমজান হতে ২০তম রমজান পর্যন্ত ইফতারী বাবদ খরচ এর অনুমোদন প্রসঙ্গে।

সংযুক্তি-১। ২০২৪-২০২৫ অর্থ বছরের অত্র জোনের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।

সংযুক্তি-২। অনুমোদিত দরের কপি।

সংযুক্তি-৩। প্রস্তাবিত প্রাক্কলন।

সংযুক্তি-৪। আলোচ্য কাজের প্রতিবেদন।

১। সংযুক্ত ক্রমিক নং ১ হতে ৪ পর্যন্ত অনুগ্রহ করে দেখা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পবিত্র রমজান মাসে মডস জোন -৮ এর অভিযোগ কেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত হেল্প-ডেস্ক এটেন্ডেন্ট জরুরী পানি সরবরাহ কাজে নিয়োজিত পানির গাড়ীর ড্রাইভার, হেলপার, পানির লাইনের জরুরী রক্ষণাবেক্ষণ কাজের জন্য নিয়োজিত পাইপ লাইন মিস্ত্রি, স্ক্যাভা অপারেটর সহ বিকাল শিফটে একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগ কেন্দ্রে ইফতারি করে থাকেন। প্রতি বছর তাদের ইফতারির খরচ অফিস হতে বহন করা হয়। সেই ধারাবাহিকতায় পবিত্র রমজানের ২য় ১০ (দশ) দিনের (১১তম রমজান হতে ২০তম রমজান) ইফতারির ব্যয় নির্বাহের জন্য পূর্বানুমোদিত দরের ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রঃ নং-২ দ্রঃ)। এতে প্রয়োজনীয় টাকার পরিমাণ দাঁড়িয়েছে ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা মাত্র) টাকা মাএ (ক্রঃ নং-৩ দ্রঃ)। উল্লেখ্য যে, বর্তমান শূক্ক মৌসুমে পানির সংকট দেখা দেয়ায় অফিসে ইফতারের সময় কর্মচারীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে, বিধায় ইফতারের খরচ বৃদ্ধি পেয়েছে। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৮ এর অনুকূলে ২০২৪-২০২৫ ইং অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের অফিস রক্ষণাবেক্ষণ খাত হতে বহন করা হবে।

২। এমতাবস্থায়, আসন্ন পবিত্র রমজান মাসে মডস জোন-৮ এর অফিযোগ কেন্দ্রসহ বিভিন্ন বিভাগে দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীদের ১১তম রমজান হতে ২০তম রমজান পর্যন্ত ইফতারী বাবদ খরচ এর জন্য ইফতার ক্রয় কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি ক্রয় খাতে মোট ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা মাত্র) টাকা মাত্র প্রাক্কলনটি সদয় অনুমোদন করা যেতে পারে, যা ক্রয় শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন, যা সবিনয়ে পেশ করা হলো।

Accepted
04/03/25

শেখ আবদেদ সাঈদ সাব্বি আল
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

Accepted
04/03/25
মোঃ মোস্তফা
সহকারী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

Accepted
08/03/2025
অনুপম কুমার মন্ডল
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

Accepted
08/03/2025

Accepted
04/03/25
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

Approved
08/03
প্রকৌশলী মোঃ আব্দুল সালাম
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

০৪/০৩/২৫